দৈনিক
ইত্তেফাক

তারিখ · 03 · JAN · 2016 ... ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম .... ৬ ......

# কাউখালীতে প্রাথমিক বিদ্যালয়ের শিশু শিক্ষার্থীদের বরণ

■ কাউখালী (পিরোজপুর) সংবাদদাতা

শিশুদের মানসিক বিকাশ ও বিদ্যালয়ের প্রতি আগ্রহ বৃদ্ধির লক্ষ্যে পিরোজপুরের কাউখালীতে প্রাথমিক বিদ্যালয়গামী শিশুদের আনুষ্ঠানিকভাবে বরণ করে নিয়েছে স্কুল কর্তৃপক্ষ। কাউখালী উপজেলা পরিষদ ও সদর ইউনিয়ন পরিষদের সহযোগিতায় শনিবার কাউখালী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় চত্বরে এই বরণ অনুষ্ঠান আয়োজন করা হয়।

বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সভাপতি মাহমুদ খান খোকনের সভাপতিত্বে বরণ অনুষ্ঠানে বক্তব্য দেন উপজেলা চেয়ারম্যান এস এম আহসান কবীর, সদর ইউনিয়ন চেয়ারম্যান আমিনুর রশীদ মিল্টন, বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুব্রত রায় প্রমুখ। পরে প্রথম শ্রেণির শিক্ষার্থীদের খাতা কলমসহ শিক্ষা উপকরণ দিয়ে বরণ করে নেয়া হয়। শেষে শিশু শিক্ষার্থীরা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে। উল্লেখ্য, কাউখালী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় এবার প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় ৩১টি জিপিএ-৫সহ শতভাগ পাস করে উপজেলার সেরা শিক্ষা প্রতিষ্ঠানের কৃতিত্ব অর্জন করে।